



লেভারকুজেনেৰ ৰূপকথা

বিফুত আৰু অপমান কৰে এখন থেকে কেউ আৰু বেয়াৰ লেভারকুজেনকে 'নেভাৰকুজেন' ডাকৰ দুঃসাহস দেখাবে না। জাৰ্মান ফুটবলেৰ শীৰ্ষ লিগ জিততে না পায় শত বছৰ ধৰে যে অপবাদ সেইতে হয়েছে ক্লাবটিকে অবশেষে সেটিৰ ইতি ঘটল। নিজেদের ১২০ বছরের ইতিহাসে প্রথম বুন্ডেসলিগা জিতল লেভারকুজেন। এখন থেকে তারা 'নেভাৰকুজেন' নয়, 'উইনারকুজেন' জাৰ্মান ফুটবলেৰ বৰ্তমান চ্যাম্পিয়ন।

২০১২-১৩ মৌসুমের পর থেকে বায়ার্ন মিউনিখের সিন্দুককে বন্দী শিরোপা কেড়ে নিল লেভারকুজেন। মিউনিখ থেকে ১১ বছর পর বুন্ডেসলিগা গেল নতুন এক শহরে। রাইন নদীৰ পূৰ্ব দিকের বাণিজ্যিক শহৰ লেভাৰকুজেনে। শিরোপা জয়ের রাতটি কখনো ভোলাৰ নয় শহৰটিৰ অধিবাসীদেৰ। এমন একটি মুহূৰ্তেৰ জনাই যে গ্যাব্ৰিয়েল গাৰ্শিয়া মাৰ্কেসেৰ 'নিঃসঙ্গতাৰ একশ বছৰ' উপন্যাসেৰ মাকোন্দো থামেৰ সাত প্ৰজন্মেৰ বুয়েন্দিয়া পৰিবাৰেৰ একেকজন সদস্যেৰ মতো দিন কাটছিল তােদেৰ!

সেই নিঃসঙ্গতাৰ ইতি হলো। লিগেৰ ২৯তম রাউন্ডে ফ্লোৰিয়ান উইটজ্জের হ্যাটট্ৰিকে ভেৰ্ডাৰ ব্ৰেমেণকে ৫-০ গোলে উড়িয়ে দিয়ে। সেই ম্যাচে শেষ ষাঁশি বাজতেই নিজেদের মাঠ বে অ্যাৰেনায় নেমে আসে ক্লাবটিৰ হাজাৰো সমৰ্থক। সবাৰ গায়ে লেভাৰকুজেনেৰ লাল-কালো রঙেৰ জাৰ্ছি। কাৰও কাৰও হাতে বুন্ডেসলিগাৰ ডামি 'শিন্ড', টিফো, পতাকা। আনন্দ উচ্ছাসে খেলোয়াড় ও সমৰ্থকেৰা মিশে গেল এক শ্ৰোতে। হাতে প্ৰিয় ক্লাবেৰ স্কাৰ্ফ উঁচিয়ে গাইল রক ব্যান্ড কুইনেৰ 'উই আৰ দ্য চ্যাম্পিয়ন'।

দাপুটে জয়ে সমৰ্থকেদেৰ সামনে অপৰাজিত থেকে শিরোপা নিস্পত্তি, সেটিও ইউৰোপেৰ শীৰ্ষ লিগগুলোৰ মধ্যে সবাৰ আগে আৰ দুইয়ে থাকা বায়াৰ্নেৰ চেয়ে ১৬ পয়েন্ট এগিয়ে থেকে; এমন এক অবিশ্বাস্য মৌসুম কাটানোকে 'অবিশ্বাস্য, অবিস্মৰণীয় ইতিহাস' না বলে কী উপায় আছে!

নিবিড় চৌধুৰী

এ যেন এডগাৰ রাইস বাৰোজেৰ কোনো অ্যাডভেঞ্চাৰ কাহিনি অথবা হ্যাস ক্লিচিয়ান অ্যাভাৰসনেৰ ৰূপকথাৰ গল্প। যুগেৰ পর যুগ অপেক্ষা শেষেৰ গল্পটাকে যুগেৰ পর যুগ স্মরণ কৰে যাৰে লেভাৰকুজেনবাসী।

২০২২ সালেৰ অক্টোবৰেৰ লেভাৰকুজেনেৰ দায়িত্ব নিয়েছিলেন জাবি আলোনসো। সে সময় ক্লাবটি ছিল অবনমন অঞ্চলে। দায়িত্ব নেওয়ার দুই বছরেৰ মধ্যে লিগ জেতানো; ৰূপকথাৰ গল্প যে এভাবেই লিখতে হয়, সেটি দেখালেন এই ২০০৫ সালেৰ ইস্তাম্বুল জয়েৰ নায়ক। সেবাৰ এসি মিলানেৰ বিপক্ষে চ্যাম্পিয়নস লিগেৰ ফাইনালে প্ৰথমার্ধে ৩-০ গোলে পিছিয়ে পড়া লিভাৰপুলকে ম্যাচেৰ শেষ গোলাটি কৰে সমতায় ফেৰান আলোনসো। এই স্প্যানিশ 'দ্য রেড বিয়াৰ্ডেৰ' অধীনেই এবাৰ ৩১ বছৰ পর কোনো শিরোপাৰ স্বাদ পেল লেভাৰকুজেন। খেলোয়াড় হিসেবে বায়াৰ্নেৰ হয়ে তিনটি লিগ জিতেছিলেন। স্পেনেৰ হয়ে ইউৰো-বিশ্বকাপ-ইউৰো। রিয়াল মাদ্ৰিদেৰ হয়েও জিতেছেন ঘরোয়া লিগেৰ সবকিছু। আৰ এবাৰ কোচ হয়ে প্ৰথম কোনো ক্লাবেৰ দায়িত্ব নিয়েই শিরোপা। আলোনসোকে এখন সৰ্বজয়ী বলায় যায়। লম্বা সময় ধৰে জাৰ্মান ফুটবলে বায়াৰ্নেৰ আধিপত্য। তবে সাৰেক ক্লাবেৰ একচ্ছ্ৰ দাপট ভাঙতে পাৰাকে জাৰ্মানিৰ ফুটবলেৰ জন্যই ভালো মনে কৰছেন আলোনসো, 'অন্য দলেৰ জয় হয়তো বুন্ডেসলিগা ও জাৰ্মান ফুটবলেৰ জন্য স্বাস্থ্যকৰ।' প্ৰথমবাৰ লিগ জেতাৰ জন্য লেভাৰকুজেনেৰ চেয়ে বেশি অপেক্ষা আৰ কোনো ক্লাবকে কৰতে হয়েছে কি? উত্তরে অবশ্য 'হ্যাঁ' বলতেই হবে। নিজেদের ১৪০ বছরের ইতিহাসে লেস্টাৰ সিটি প্ৰথম প্ৰিমিয়ার লিগ জিতেছিল ২০১৫-১৬ মৌসুমে, ইতালিয়ান কোচ ক্লুডিও ৰেনেইৰিৰ অধীনে। তবে অপৰাজিত শিরোপা জিততে পাৰেনি লেস্টাৰ। সেই কীৰ্তি আছে শুধু আৰ্শেনালেৰ। আৰ্শেন

ওয়েঙ্গাৰেৰ অধীনে ২০০৩-০৪ মৌসুমে আৰ্শেনাল লিগ জিতেছিল অপৰাজিত থেকে। লিগেৰ বাকি ৫ ম্যাচ জিতে সেই 'ইনভিনসিবল আৰ্শেনালেৰ' কীৰ্তিতে ভাগ বসাতে পাৰবে কি লেভাৰকুজেন?

সেসব ভবিষ্যতের কথা। তাৰ আগে মাঠে, ড্ৰেসিংৰুমে বুন্ডেসলিগা জয়েৰ রীতি অনুযায়ী বিশাল বিশাল গ্লাসে বিয়াৰ পান ও নাচে-গানে আৰও দুই দিন কাটাল লেভাৰকুজেনেৰ খেলোয়াড়োৰা। মৌসুমেৰ শেষ রাউন্ডে বেঅ্যাৰেনায় অগসবুৰ্গেৰ বিপক্ষে ম্যাচ শেষে আনুষ্ঠানিক উদ্‌যাপনে মাতেবে লেভাৰকুজেনিয়ানরা। তখন না আৰও সাজসাজ রব পড়বে শহৰ জুড়ে।

শুধু আলোনসোকে নয়, এপ্ৰিলেৰ মধ্যে শিরোপা নিস্পত্তি কৰে ফেলা লেভাৰকুজেনেৰ খেলোয়াড়দেৰও দিতে হবে বড় কৃতিত্ব। এ মৌসুমে বুন্ডেসলিগাৰ সৰ্বোচ্চ ১৩ অ্যাসিস্ট তােদেৰই লেফট ব্যাক আলোহান্দ্রো খিমালদোৰ। এ তালিকাৰ সেৰা দশেৰ মধ্যে চাৰজনই লেভাৰকুজেনেৰ। তাৰ মধ্যে উইটজ্জের কথাটা বলতে হয় আলাদাভাবে। ১১ গোল ও ১০ অ্যাসিস্ট কৰে দুই তালিকাতেই সাতে এই অ্যাটাকিং মিডফিল্ডাৰ। এ মৌসুমে উত্তৰ লন্ডন ছেড়ে দুজন জাৰ্মান ফুটবলে এসেছিলেন। একজন ইংল্যান্ডেৰ হ্যাৰি কেইন। আলিয়েঞ্জ অ্যাৰেনায় এসেও শিরোপা না জিততে পাৰাৰ 'অভিশাপ' খণ্ডনো হলো না। আৰ সুইজাৰল্যান্ডেৰ গ্ৰানিত জাকা জিতলেন লিগ। আৰ্শেনালে ৭ বছৰ কাটানোৰ পরও লিগ জিততে না পাৰা মিডফিল্ডাৰই বে অ্যাৰেনায় এসে শিরোপা জিতে বললেন, 'জীবনেৰ সেৰা সিদ্ধান্ত'।

২০০১-০২ মৌসুমে ট্ৰেবল জেতাৰ খুব কাছে গিয়েও পাৰেনি লেভাৰকুজেন। এবাৰ সেই স্বপ্নেৰ খুব কাছে তারা। বুন্ডেসলিগা জিতেছেন। ট্ৰফি ক্যাবিনেটে এই মৌসুমেৰ ইউৰোপা লিগ ও জাৰ্মান কাপ জমা কৰতে পাৰলেই আৰেকটি ইতিহাসেৰ অধ্যায় লেখা হয়ে যাৰে আলোনসোৰ নামে।